



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ।



বিজ্ঞপ্তি

তারিখঃ ১৪/০৭/২০২১ খ্রি.

সিরাজগঞ্জ সরকারি কলেজে অধ্যয়নরত স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ের সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় ১৩ই জুলাই ২০২১ খ্রি. তারিখে এক সংবাদ বিজ্ঞপ্তির (কপি সংযুক্ত) মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ সমূহে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর কোভিড-১৯ টিকা গ্রহণ সম্পর্কিত তথ্য পূরণের সময়সীমা আগামী ১৯ জুলাই ২০২১ পর্যন্ত বৃদ্ধি করেছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীকে বর্ণিত লিংক http://103.113.200.29/student_covidinfo/-এ প্রদত্ত ছক পূরণ করে নতুন নির্ধারিত সময়সীমা অনুযায়ী আগামী ১৯ জুলাই ২০২১ তারিখের মধ্যে submit করার জন্য বলা হলো।

স্বাক্ষরিত/...

(প্রফেসর টি.এম. সোহেল)

অধ্যক্ষ

সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ।



তারিখ: ১৩ জুলাই, ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

এন ইউ'র শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা সংক্রান্ত তথ্য পাঠানোর সময়সীমা বৃদ্ধি

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণরোধ ও স্বাস্থ্যঝুঁকি এড়াতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা সংক্রান্ত তথ্য পাঠানোর সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। আগামী ১৯ জুলাইয়ের মধ্যে টিকা সংক্রান্ত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাঠানোর নতুন সময় নির্ধারণ করা হয়েছে। সকল শিক্ষার্থীকে টিকা কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে ১২ জুলাই থেকে এক সপ্তাহ সময় বাড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

নতুন নির্ধারিত সময়সীমা অনুযায়ী আগামী ১৯ জুলাইয়ের মধ্যে এই লিংকে (http://103.113.200.29/student_covidinfo/) প্রবেশ করে তথ্যছক পূরণ করে সাবমিট করার জন্য শিক্ষার্থীদের আহ্বান জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিষয়টি জাতীয় জনগুরুত্বপূর্ণ ও জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি বিবেচনায় অধিভুক্ত কলেজের অধ্যক্ষবৃন্দকে স্ব স্ব কলেজের তথ্যছক পূরণ নিশ্চিত করার লক্ষ্যে অনুরোধ করা হয়েছে।

(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়।